


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়  
চট্টগ্রাম  
বিভাগীয় নির্বাচনি বোর্ড  
[www.chittagongdiv.gov.bd](http://www.chittagongdiv.gov.bd)



## বিজ্ঞপ্তি

এতদ্বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার রাজস্ব প্রশাসনের অধীন কার্যালয়সমূহের বিভিন্ন পদে জনবল নিয়োগের লক্ষ্যে জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়ার স্মারক নং- ৩১.৪২.১২০০.০১২.১১.০০১.১৫-৪১৯, তারিখ: ১২ মার্চ ২০১৫ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিমূলে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, নাজির-কাম-ক্যাশিয়ার, সার্টিফিকেট পেশকার ও ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী পদে এবং স্মারকনং-৩১.৪২.১২০০.০১২.১৫.২১১.১৯.২৪১১, তারিখ: ১৫ ডিসেম্বর ২০১৯ মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিমূলে নাজির-কাম-ক্যাশিয়ার, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী, ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী ও নামজারী সহকারী পদে নিয়োগের স্থগিতকৃত লিখিত পরীক্ষা অনিবার্য কারণবশতঃ আগামী ২১/০৫/২০২১ তারিখের পরিবর্তে ২৪/০৫/২০২১ তারিখ সোমবার একই সময় ও ভেন্যুতে পূর্বের আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে। 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষা ২২/০৫/২০২১ তারিখের পরিবর্তে ২৫/০৫/২০২১ তারিখ মঙ্গলবার একই সময় ও ভেন্যুতে অনুষ্ঠিত হবে। নিয়োগের জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই শেষে বৈধ প্রার্থীদের অনুকূলে বিভাগীয় নির্বাচনি বোর্ড, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম হতে মোবাইলে এসএমএস এবং ডাকযোগে ইতোপূর্বে নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। পূর্বে ইস্যুকৃত প্রবেশপত্র বহাল থাকবে। কোন প্রার্থী যদি বিভাগীয় নির্বাচনী বোর্ড, চট্টগ্রাম হতে এসএমএস পেয়েছে কিন্তু ডাকযোগে প্রেরিত নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র না পেয়ে থাকে তাহলে আগামী ২৩/০৫/২০২১ তারিখ বিকাল ০৩ টা হতে বিকাল ০৫ টার মধ্যে ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদের ফটোকপিসহ উপস্থিত হয়ে জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া থেকে নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। পরীক্ষার্থীগণকে মাস্ক পরিধান ব্যতীত পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না। তাছাড়া কোভিড-১৯ মহামারি রোধে অন্যান্য স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
২৭/০৫/২১

খোন্দকার মো. ইখতিয়ার উদ্দীন আরাফাত  
বিভাগীয় কমিশনারের একান্ত সচিব  
ও  
সদস্য সচিব  
বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম